দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 24 APR 2017 ...
পৃষ্ঠা ... কলাম ...

# মদনের ৪২ বিদ্যালয়ে প্রধান শিক্ষক নেই

■ মদন (নেত্রকোনা) সংবাদদাতা

মদন উপজেলার সরকারি ৪২টি প্রাথমিক বিদ্যালয়ে দীর্ঘদিন ধরে প্রধান শিক্ষকের পদ শূন্য রয়েছে। বিদ্যালয়গুলোতে দাপ্তরিক কার্যক্রম চলছে ভারপ্রাপ্ত শিক্ষক দিয়ে। একই সঙ্গে বেশ কিছু বিদ্যালয়ে সহকারী শিক্ষকের পদ শূন্য থাকায় বিদ্যালয়গুলোতে দীর্ঘদিন ধরে শিক্ষা কার্যক্রম ব্যাহত হচ্ছে।

উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, উপজেলার ৪৪টি সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং ৪৪টি নব্য জাতীয়করণ প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে আলমশ্রী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষকের পদ সৃষ্টি হয়নি। এরমধ্যে সরকারি ১০টি ও জাতীয়করণ ৩১টিসহ মোট ৪২টি বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও ১২টি সহকারী শিক্ষকের পদ শূন্য রয়েছে। শিক্ষক শূন্যতায় বেশ কয়েকটি বিদ্যালয়ে শতাধিক শিক্ষার্থীকে দু'জন শিক্ষক দিয়ে পাঠদান চালানো হচ্ছে। প্রধান শিক্ষক না থাকায় বিদ্যালয়গুলোতে সহকারী শিক্ষককে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক করে পরিচালনা করা হচ্ছে। ফলে দাপ্তরিক কাজ ও বিদ্যালয়ের শিক্ষার্থীদের পাঠদান করাতে গিয়ে হিমশিম খাচ্ছেন শিক্ষকরা।

বিভিন্ন বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকরা জানান, প্রধান শিক্ষকসহ সহকারী শিক্ষকের পদ শূন্য থাকায় শ্রেণিতে পাঠদানে ভোগান্তি পোহাতে হচ্ছে। তাদের বাড়তি ক্লাস নিতে হচ্ছে। আবার দায়িত্বপ্রাপ্ত প্রধান শিক্ষক হিসেবে দাপ্তরিক কাজে থাকলে তার ক্লাসটিও নিতে হয় অন্য শিক্ষককে।

উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মো. আবুল হোসেন বলেন, প্রধান শিক্ষকদের পদোন্নতির জটিলতায় পদগুলো দীর্ঘদিন ধরে শূন্য রয়েছে। বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষ অবগত আছেন। আশাকরি, শিগ্রই শিক্ষক সংকট কেটে যাবে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..............................
তারিখ..............................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিস্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি. এ. | |

কার্যার্থে/অবগতার্থে

স্বাক্ষর